# বড় শির্ক ও ছোট শির্ক

বিভাগ/অধ্যায়ঃ প্রথম পরিচ্ছেদ : বড় শির্ক

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

বড় শির্ক

উক্ত শির্ক এতে লিপ্ত যে কোন ব্যক্তিকে সাথে সাথেই ইসলামের গন্ডী থেকে বের করে দেয়। আল্লাহ্ তা'আলা তাওবা ছাড়া এ ধরনের শির্ক কখনো ক্ষমা করবেন না।

আল্লাহ্ তা'আলা বলেন:

«إِنَّ اللهَ لاَ يَغْفِرُ أَنْ يُّشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُوْنَ ذَلِكَ لِـمَنْ يَّشَآءُ»

"নিশ্চয়ই আল্লাহ্ তা'আলা তাঁর সাথে কাউকে শরীক করার অপরাধ কখনোই ক্ষমা করেন না। তবে তিনি এ ছাড়া অন্যান্য সকল গুনাহ্ যাকে ইচ্ছে ক্ষমা করে দেন"। (নিসা: ৪৮)

এ ধরনের শির্কে লিপ্ত ব্যক্তির জন্য জান্নাত হারাম। জাহান্নামই হবে তার চিরস্থায়ী ঠিকানা।

আল্লাহ্ তা'আলা বলেন:

«إِنَّهُ مَنْ يُّشْرِكْ بِاللهِ فَقَدْ حَرَّمَ اللهُ عَلَيْهِ الْـجَنَّةَ وَمَأْوَاهُ النَّارُ، وَمَا لِلظَّالِمِيْنَ مِنْ أَنْصَارٍ»

"নিশ্চয়ই যে ব্যক্তি আল্লাহ্ তা'আলার সাথে কাউকে শরীক করে আল্লাহ্ তা'আলা তার উপর জান্নাতকে হারাম করে দেন এবং জাহান্নামকে করেন তার ঠিকানা। এরূপ অত্যাচারীদের জন্য তখন আর কোন সাহায্যকারী থাকবে না"। (মায়িদাহ: ৭২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11607

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন